সংবাদ

তারিখ ... 31.9.83 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম 5 ...

...0... 011

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে ব্যাপক কর্মসূচী

আগামী ৮ই সেপ্টেম্বর সারাদেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপিত হবে। যথাযোগ্যভাবে দিবসটি পালনের জন্য বিভিন্ন সরকারী-বেসরকারী সংস্থা ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে।

এসব কর্মসূচীর মধ্যে রয়েছে বিনামূল্যে বই বিতরণ, নিরক্ষরতার বিরুদ্ধে ব্যাপক প্রচারাভিযান, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

সাক্ষরতা দিবস পালনের জন্য ১০টি সংগঠনকে নিয়ে একটি উদযাপন কমিটি গঠিত হয়েছে। কমিটির সদস্য সংগঠনগুলো হচ্ছে: বাংলাদেশ মহিলা পরিষদ, পল্লী সম্পদ ব্যবহার শিক্ষা কেন্দ্র, বাংলাদেশ গার্লসগাইড সমিতি, মহিলা আইনজীবী সমিতি, বাংলাদেশ লোক প্রশাসন এলামনী এসোসিয়েশন, ব্যবসায় ও পেশাজীবী মহিলা ক্লাব, জোণ্টা ইণ্টারন্যাশনাল ক্লাব, বাংলাদেশ জাতিসংঘ সমিতি, ন্যাশনাল ক্রিশ্চিয়ান ফেলোশীপ ও মানবাধিকার যুব পরিষদ। আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়ন গতকাল সপ্তাহব্যাপী কর্মসূচী ঘোষণা করেছে। বিনামূল্যে বই বিতরণ, নগরীতে সমিতির সদস্যদের অক্ষর জ্ঞানদান কর্মসূচীর অন্তর্ভুক্ত। আগামী ৮ই সেপ্টেম্বর ইউনিয়নের উদ্যোগে খিলগাঁও মডেল স্কুল প্রাঙ্গণে এক সমাবেশও অনুষ্ঠিত হবে। খবর এনার।